



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd




প্রেস বিজ্ঞপ্তি

একাদশ-দ্বাদশ শ্রেণির ০৪ (চার) টি বিষয়ের পাঠ্যপুস্তক বাজারজাতকরণের শুভ উদ্বোধন

আজ ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা সাহিত্যপাঠ (গদ্য ও কবিতা), বাংলা সহপাঠ (উপন্যাস ও নাটক), **English for Today**, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ৪টি বিষয়ের ৪০,০০,০০০ (চল্লিশ লক্ষ) পাঠ্যপুস্তক বেসরকারি প্রকাশকদের মাধ্যমে মুদ্রণ ও বাজারজাতকরণের উদ্বোধনী অনুষ্ঠান ভারুয়ালভাবে অনুষ্ঠিত হয়। একাদশ-দ্বাদশ শ্রেণির ৪টি বিষয়ের পাঠ্যপুস্তক বাজারজাতকরণের শুভ উদ্বোধন ঘোষণা করেন অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি, এম. পি। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী, এম.পি ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ মাহবুব হোসেন এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম খান উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) পাঠ্যপুস্তকটি এনসিটিবি কর্তৃক নতুনভাবে প্রণীত হয়েছে। অনুষ্ঠানে এনসিটিবি কর্তৃক কার্যাদেশ প্রাপ্ত প্রকাশনা প্রতিষ্ঠানের নিকট হতে মুজিব শতবর্ষ লোগো সম্বলিত কভার দেখে ০১/১০/২০২০ খ্রি. তারিখ হতে বাংলা সাহিত্যপাঠ (গদ্য ও কবিতা), বাংলা সহপাঠ (উপন্যাস ও নাটক), **English for Today**, ০৩ (তিন) টি পরিমার্জিত এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ০১ (এক) টি নতুন সংস্করণকৃত পাঠ্যপুস্তক ক্রয় করার জন্য শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নারায়ন চন্দ্র সাহা।


(প্রফেসর ড. মো. নিজামুল করিম)
সচিব, এনসিটিবি

বিতরণ:

- ১। প্রধান বার্তা সম্পাদক,
- ২। প্রোগ্রামার, এনসিটিবি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।